মুজিবনগরে সাংবাদিক শফির মায়ের ইন্তেকাল

মুজিবনগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও মাথাভাঙ্গা প্রতিনিধি শফি আহমেদের মা আয়াতন নেসা (৮০) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন।

আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৩টার দিকে মুজিবনগরের নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তিনি তিন ছেলে, তিন মেয়ে, নাতি নাতকুড়িসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

সাংবাদিক শের খান জানান, আজ বাদ এশা জানাযা শেষে স্থানীয় মানিকনগর কবরস্থানে দাফন করা হবে।

মেহেরপুরে ভোরের কাগজ পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালন

কেক কাটা ও আলোচনা সভার মধ্য দিয়ে জাতীয় দৈনিক পত্রিকা ভোরের কাগজের প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। প্রকাশনার ৩১ বছর পদার্পণ উপলক্ষে মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে মেহেরপুর জেলা প্রেসক্লাবে এ আয়োজন করা হয়।

ভোরের কাগজ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তুজা ফারুক রুপক এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শিক্ষা কর্মকর্তা মাহফুজুল হোসেন।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ও কালেরকন্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিনের সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা প্রেসক্লাবের সভাপতি ও যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযম, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও ইত্তেফাক প্রতিনিধি মাহাবুব চান্দু, প্রথম

আলো প্রতিনিধি আবু সাইদ, শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়র প্রধান শিক্ষক মাহাবুব রহমান, সময়ের আলো প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা।

এসময় উপস্থিত ছিলেন, চ্যানেল নাইন প্রতিনিধি আবু নাসের সম্রাট, ঢাকা পোস্ট ও বাংলাটিভি প্রতিনিধি আক্তারুজ্জামান, দৈনিক মাটির ডাক পত্রিকার প্রতিনিধি মুহম্মদ মহসীন, দৈনিক জবাবদিহি পত্রিকার প্রতিনিধি এ সিদ্দিকী শাহীন, আমাদের অর্থনীতি পত্রিকার জেলা প্রতিনিধি মাসুদ রানা, দৈনিক আমাদের নতুন সময় পত্রিকার জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেল প্রমুখ।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতিকে কৃষি অফিসারের হুমকি, জরুরী সভা

চুয়াডাঙ্গার দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবীকে দেখে নেওয়ার হুমকি দিয়েছেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান ।এ ঘটনায় আজ বৃহস্পতিবার রাতে দামুড়হুদা প্রেসক্লাবে একটি জরুরী বৈঠক অনুষ্ঠিত হয়।

ঘটনার বিবরনে জানাগেছে, দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামানের বিরুদ্ধে বিভিন্ন সময় নানান অনিয়ম ও অপকর্মের কথা মানুষের মুখে মুখে প্রচারিত হয়। এরই জের ধরে গত ০২/০২/২০২২ ইং তারিখে দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি সাংবাদিক এম নুরুন্নবী তথ্য অধিকার সংগ্রহ ফরমে কয়েকটি বিষয়ে জানতে কৃষি অফিসে জমা দেন। তথ্য ফরম জমা দেয়ার ঘটনাটি জানতে পেরে উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান তেলে বেগুনে জ্বলে উঠেন বলে সূত্রে জানাযায়।

এদিকে গতকাল বৃহস্পতিবার ০৩/০২/২০২২ ইং তারিখ দুপুর আনুমানিক ১২-৩০ দিকে ব্যক্তিগত কাজে দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী উপজেলা চত্বরে পল্লী ভবনের সামনে দাড়িয়ে এক জন সাংবাদিকের সাথে কথা বলছিলেন, ঠিক সেই সময় কৃষি অফিসার

মনিরুজ্জামান সাংবাদিক এম নুরুন্নবীকে দেখতে পেয়ে উচ্চস্বরে বলেন আমার বিরুদ্ধে তথ্য সংগ্রহ করা সাংবাদিকের হাত থাকবে না বলে হুমকী দেন। এম নুরুন্নবী ততক্ষণিক একটু ভীতসন্ত্রস্ত হয়ে কয়েক জন সাংবাদিককে বিষয়টি জানানোর সঙ্গে সঙ্গে উপস্থিত সাংবাদিকরা কৃষি অফিসারের হুমকীর প্রতিবাদে রাতে প্রেসক্লাবে একটি জরুরী বৈঠকের আয়োজনের কথা বলেন। অপরদিকে বিষয়টি চুয়াডাঙ্গা জেলার প্রতিটি প্রেসক্লাব নেতৃবৃন্দের কানে পৌঁছালে সকলেই তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

অন্যদিকে গতকাল রাতে দামুড়হুদা প্রেসক্লাবে জরুরী বৈঠকে সর্বসম্মতিক্রমে কৃষি অফিসার মনিরুজ্জামানের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করে পরবর্তীতে তার বিরুদ্ধে মানববন্ধন সহ বিভিন্ন অনিয়মের তদন্ত করে সংবাদ প্রকাশের প্রস্তুতি নিতে সকল সাংবাদিকরা এক মত প্রকাশ করেন।

জীবননগরের আন্দুলবাড়ীয়া প্রেসক্লাবের তৃতীয় প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া প্রেসক্লাবের তৃতীয় প্রতিষ্ঠাবার্ষিকী কেক কেটে উদযাপন করা হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ২ টায় আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনে প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয় ও সাহিত পরিষদের কার্য়ালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন আন্দুলবাড়ীয়া প্রেসক্লাবের সভাপতি নারায়ণ ভৌমিক, সহ-সভাপতি ডাঃমীর আনিছুজ্জামান (আনিস) সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম মামুন, সহ-সাধারণ সম্পাদক দেওয়ান ইয়াছিন উল্লাহ্,কোষাধ্যক্ষ দাউদ হোসেন, কার্যনির্বাহী সদস্য খাজির আহাম্মেদ সহ প্রেসক্লাবের সকল সদস্য ও সাহিত্য পরিষদের সিনিয়র সদস্য আক্তারুল ইসলাম (ইকবাল)অপরদিকে,পারিবারিক উদ্যোগে মাগরিব

নামাজের পর সাংবাদিক জাহিদুল ইসলাম মামুনের বড় পুত্র মুস্তাসিম বিল্লাহ্’র ৮ তম জন্মদিন কেক কেটে পালিত হয়েছে।

হরিণাকুণ্ডু প্রেসক্লাবের বার্ষিক কমিটি গঠন

ঝিনাইদহের হরিণাকুণ্ডু প্রেসক্লাবের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। পূর্বের কমিটির সহ সভাপতি মুস্তাফিজুর রহমান এল বি লিটনের সভাপতিত্বে রবিবার বিকালে প্রেসক্লাব কার্যালয়ে সর্বসন্মতিক্রমে মেয়াদ উত্তীর্ণ পূর্বের কমিটি বিলুপ্ত করে নতুন কমিটি গঠন করা হয়েছে।

সভায় সকল সদস্যের সম্মতিক্রমে দৈনিক নবচিত্র, প্রতিদিনের কথা ও ডেইলি ইন্ডাস্ট্রিজ পত্রিকার উপজেলা প্রতিনিধি এবং সাবেক সাধারণ সম্পাদক এইচ মাহবুব মিলু কে সভাপতি এবং দৈনিক গ্রামের কন্ঠ পত্রিকার উপজেলা প্রতিনিধি সুদিপ্ত সালাম কে সাধারণ সম্পাদক করে ৩৩ সদস্য বিশিষ্ট বার্ষীক কমিটি গঠন করা হয়েছে।

এ সময় সিনিয়র সহ সভাপতিঃ মুস্তাফিজুর রহমান এল বি লিটন,সহ-সভাপতিঃ আনিচুর রহমান লিটন,ডাঃ আবুল কালাম আজাদ,বিপ্লব হোসেন। যুগ্ম-সাধারণ সম্পাদকঃ রাব্বুল হোসাইন(দেশের কন্ঠ), হাবিবুর রহমান রুবেল, (দৈনিক আমার সংবাদ), মাওলানা তৈয়বুর রহমান(দৈনিক পশ্চিমাঞ্চল), ডাঃ মোঃআশরাফুল ইসলাম(মেহেরপুরপ্রতিদিন),সাংগঠনিক সম্পাদকঃ জাভেদ হাসান আক্তার(সময়ের সমীকরণ), সহ-সাংগঠনিক সম্পাদকঃ আশরাফুল আলম(সকালের সময়), দপ্তর সম্পাদকঃ সোহরাব হোসেন(বাংলাদেশের আলো), প্রচার সম্পাদক রাজন, অর্থ সম্পাদক আব্বাস উদ্দীন,ধর্ম বিষয়ক সম্পাদক শরিফ আহম্মেদ চাঁদ, সাহিত্য ও ক্রিড়া বিষয়ক সম্পাদক ইকতিয়ার উদ্দীন(দৈনিক শ্যামবাজার), আই সি টি বিষয়ক সম্পাদক মোস্তাফিজুর রহমান টুটুল।কার্য নির্বাহী সদস্য শাহাদত মাষ্টার, আরিফুর রহমান, সবুজ সাহরিয়ার,এবং মামুনুর রশিদ,আল মামুন হাসান,আশিকুজ্জামান,কামরুল হাসান লিবনকে সদস্য করা হয়েছে।

জীবননগরের হাসাদাহ প্রেসক্লাবের নতুন কমিটি গঠন

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার হাসাদাহ প্রেসক্লাবের নতুন কমিটি গঠন করা হয়েছে।

গতকাল শনিবার হাসাদাহ-মহেশপুর সড়কে অবস্থিত প্রেসক্লাবে সবার সম্মতিতে৯ সদস্য বিশিষ্ট এ কমিটি গঠন করা হয়। কমিটিতে সভাপতি ডিএম মতিয়ার রহমান সাধারণ সম্পাদক বদরুজ্জামান শ্যামল।

এছাড়াও সহ-সভাপতি শামসুল আলম, সহ-সাধারণ সম্পাদক বিপলু রহমান, সাংগঠনিক সম্পাদক মুন্সী কবির হোসেন,দপ্তর সম্পাদক আল আমিন, প্রচার সম্পাদক লিমন হুসাইন, নির্বাহী সদস্য মনিরুজ্জামান রিপন, রাশেদুল ইসলাম, রফিকুল ইসলাম, মুসলিমা প্রধান সুমী, আজিজুর রহমান, আব্বাছউদ্দীন,এম আই আতিয়ার, তাহসানুর রহমান শাজাহান, মসলেমউদ্দীন, শামীম আহম্মেদ, শাহাবদ্দীন খান, আব্দুস সবুর, নওয়াজ শরীফ পিয়াস, ইসরাইল হুসাইন, আলাউদ্দীন, রায়হানউদ্দীন খোকন, এস এম মুস্তাফিজুর রহমান মোস্তাক। এ নতুন কমিটি ২ বছরের জন্য অনুমোদন করা হয়।

চুয়াডাঙ্গায় এশিয়ান টিভির নবম বর্ষপূর্তি পালন

নয় পেরিয়ে দশে পদার্পণ সবার সাথে এশিয়ান টেলিভিশন। সারা বাংলাদেশের ন্যায় চুয়াডাঙ্গা পুলিশ পার্কে পালিত হলো এশিয়ান টিভির নবম বর্ষপূর্তি অনুষ্ঠান।

এশিয়ান টিভির চুয়াডাঙ্গা সদর উপজেলা প্রতিনিধি হাসেম রাজের

সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জনাব জাহিদুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক জনাব সাজিয়া আফরীন, আরো বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মহসীন, চুয়াডাঙ্গা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দের কনসালটেন্ট ডাঃ নুর আলম আকাশ, দৈনিক আকাশ খবর পত্রিকার সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি, চুয়াডাঙ্গা জেলা ইট ভাটা মালিক সমিতির সাধারন সম্পাদক আব্দুল মোতালেব, জনতা ইন্জিনিয়ারিং এর সত্বাধিকারী মোঃ ওলি উল্লাহ, গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শফিকুর রহমান রাজু।

জমকালো আয়োজনের মধ্য দিয়ে সারাদিন ব্যাপি উদযাপিত হয় এশিয়ান টিভির নবম বর্ষপূর্তি অনুষ্ঠান। চুয়াডাঙ্গা পুলিশ পার্ক অডিটরিয়ামে সাংবাদিক সহ সর্বশ্রেনীর পেশা জীবি মানুষের সমাগমে মুখরিত ছিলো সারাদিন। সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জীবননগরের হাসাদাহ প্রেসক্লাবে সাধারণ সভা অনুষ্ঠিত

জীবননগরের উপজেলার হাসাদাহ প্রেসক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে হাসাদাহ প্রেসক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডিএম মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সহ-সভাপতি শামসুল আলম।

এছাড়াও উপস্থিত ছিলেন সাংবাদিক আল আমিন, মুন্সী কবির হোসেন, বদরুজ্জামান শ্যামল, কবির আহম্মেদ,মসলেম উদ্দীন, তাহসানুর রহমান,

এস এম মোস্তফিজুর রহমান, রাহেন উদ্দীন খোকন, শামীম আহম্মেদ, আব্বাছ উদ্দীন, এম আই আতিয়ার রহমান, বিপলু রহমান, পিয়াস, আজিজুর রহমান, রফিকুল ইসলাম রফিক,রাশেদুল ইসলাম ।

আলোচনা সভায় আগামী শুক্রবার আলোচনার মাধমে আগামি ২ বছরের মিয়াদের নির্বাচনের দিন ঠিক করে নতুন কমিটি করা হবে ।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের নির্বাচন সম্পন্ন:: পুনরায় সভাপতি তোজাম্মেল আযম, সম্পাদক মাহাবুব চান্দু

যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযমকে সভাপতি ও ইত্তেফাক প্রতিনিধি মাহাবুব চান্দুকে পুনরায় সাধারণ সম্পাদক করে মেহেরপুর জেলা প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে।

শনিবার মেহেরপুরের ঐতিহ্যবাহী আমঝুপি নীলকুঠি চত্বরে ক্লাবের বার্ষিক সাধারণ সভা শেষে দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচন পরিচালনায় দায়িত্ব পালন করেন মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক ও গবেষক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু। তিনি নব নির্বাচিত সদস্যদের নাম ঘোষনা করেন।

অন্য সদস্যরা হলেন- সহসভাপতি চানেল নাইন প্রতিনিধি আবু নাসের চৌধুরী, যুগ্ম সম্পাদক বাংলাটিভি প্রতিনিধি আক্তারুজ্জামান, অর্থ সম্পাদক বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, গণযোগাযোগ সম্পাদক জবাবদিহী প্রতিনিধি এ সিদ্দিকী শাহীন, দপ্তর সম্পাদক আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, নির্বাহী সদস্য ডেইলি স্টার প্রতিনিধি ড. আমানুর আমান, মাটির ডাক প্রতিনিধি মুহম্মদ মহসীন, দিনকাল প্রতিনিধি হারুন অর রশিদ চৌধুরী, ভোরের কাগজ প্রতিনিধি মর্তুজা ফারুক।

এর আগে সাধারণ সভায় তোজাম্মেল আযমের সভাপতিত্বে বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, বাংলাটিভি প্রতিনিধি আকতারুজ্জামান, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন।

মেহেরপুর জজ কোর্টের পেশকার ও সাবেক সাংবাদিক মোমিনুল সড়ক দুর্ঘটনায় নিহত

মেহেরপুর জেলা জজ আদালতের পেশকার (বেঞ্চ সহকারী) ও সাবেক সাংবাদিক মোমিনুল হক (৩৫) সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন।

আজ রবিবার সকাল সাড়ে ৯টার দিকে গাংনী উপজেলার চেঙ্গাড়াতে এ দুর্ঘটনা ঘটে। তিনি নিজ বাড়ি হোগলবাড়িয়া থেকে মোটরসাইকেল যোগে কর্মস্থল জেলা জজ আদালতে যাচ্ছিলেন। তিনি হোগলবাড়িয়া গ্রামের মৃত মারজুল আলীর ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, মোমিনুল হক কোর্টে যাওয়ার উদ্দেশ্যে মোটরসাইকেল যোগে বাড়ি থেকে রওয়ানা দেন। পথিমধ্যে চেঙ্গাড়া বাজারের কাছে পৌছালে একটি মোটরসাইকেলকে সাইড দিতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে সড়কে পড়ে যান। এসময় পেছন থেকে আসা ইট বোঝাই শ্যালো ইঞ্জিন চালিত ট্রলির তাকে চাপা দেয়। গুরতর আহত অবস্থায় তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক শাইলা শারমিন জানান, হাসপাতালে নেওয়ার আগেই তিনি মারা গেছেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। নিহতের পরিবার থেকে অভিযোগ করা হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।